



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-পনি/পিএ-৯৩১

তারিখ : ০৪-০৪-২০২৪ খ্রি.

বিষয় : এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পরীক্ষার্থীদের নিকট থেকে টেস্ট পরীক্ষার নামে অতিরিক্ত ফি আদায় প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৩-০৪-২০২৪ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭১.১০.০০৮.০৭-২২০ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক (এসএসসি) ও উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পর্যায়ে (সকল) শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষার্থীদের নিকট থেকে টেস্ট পরীক্ষার নামে অতিরিক্ত ফি আদায় করা এবং পরীক্ষার কারণ দেখিয়ে প্রবেশপত্র/এ্যাডমিট কার্ড দেওয়া থেকে বঞ্চিত করাসহ শিক্ষার্থীদের নিকট থেকে বিভিন্ন ভাবে আর্থিক সুবিধা নিচ্ছে মর্মে বিভিন্ন মাধ্যম থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন।

“টেস্ট পরীক্ষার নামে কোন পরীক্ষার্থীর কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করা যাবে না এবং পরীক্ষার কারণ দেখিয়ে প্রবেশপত্র/এ্যাডমিট কার্ড দেয়া থেকে বঞ্চিত করা যাবে না” এই নির্দেশনার প্রতিপালন না করলে প্রতিষ্ঠান প্রধান এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি গুরুত্বসহকারে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে নির্দেশনা প্রদান করা হলো।

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪ ৭৭৭৬২৭১৪

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

অধ্যক্ষ

এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক

বিদ্যালয়সমূহ

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। জেলা প্রশাসক,
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-২)
www.shed.gov.bd


নম্বর-৩৭.০০.০০০০.০৭১.১০.০০৮.০৭-২২০

তারিখ: ২০ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
০৩ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : পরীক্ষার্থীদের নিকট থেকে টেস্ট পরীক্ষার নামে অতিরিক্ত ফি আদায় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে (সকল) শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষার্থীদের নিকট থেকে টেস্ট পরীক্ষার নামে অতিরিক্ত ফি আদায় করা এবং পরীক্ষার কারণ দেখিয়ে এ্যাডমিট কার্ড দেওয়া থেকে বঞ্চিত করাসহ শিক্ষার্থীদের নিকট থেকে বিভিন্ন ভাবে আর্থিক সুবিধা নিচ্ছে মর্মে বিভিন্ন মাধ্যম থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন:

“টেস্ট পরীক্ষার নামে কোন শিক্ষার্থীর কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করা যাবে না এবং পরীক্ষার কারণ দেখিয়ে এ্যাডমিট কার্ড দেয়া থেকে বঞ্চিত করা যাবে না” মর্মে মাননীয় শিক্ষা মন্ত্রী নির্দেশনা দিয়েছেন। এই নির্দেশনার প্রতিপালন না করলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৬৭৮০

ইমেইল: govt.sec2@moedu.gov.bd

সভাপতি

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড, সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩. যুগ্মসচিব (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৭. অফিস কপি।